আগুন নিবারণ

গ্রেনফেল টাওয়ারে সাম্প্রতিক ভয়াবহ অগ্নিকান্ডের প্রেক্ষিতে আমরা সকল বাসিন্দাদের অগ্নি নিরাপত্তার গুরুত্ব সম্পর্কে আবার স্মরণ করিয়ে দিতে চাই। অনুগ্রহ করে নিম্নের কয়েকটি গুরুত্বপুর্ণ বিষয় সম্পর্কে সকল বাসিন্দার দৃষ্টি আকর্ষণ করছি।

- স্মোক এলার্ম নিয়মিত পরীক্ষা করা আপনার দায়িত্ব। আপনি যদি এলার্মের বিপিং শব্দ শুনতে পান তাহলে ব্যাটারি পরিবর্তন করুন অথবা যদি এলার্মে কোন ত্রুটি থাকে তাহলে আমাদেরকে ০২০ ৭৩৯২ ৫৪০০ নম্বরে জানান। কিভাবে এলার্মটি পরীক্ষা করতে হবে সে ব্যাপারে আপনি যদি নিশ্চিত না হন তাহলে উপরের নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।
- দয়া করে সকল যৌথ এলাকা পরিস্কার ও বাধামুক্ত রাখুন যাতে জরুরী অবস্থায় পালানোর সময়ে কোন বাধার সৃষ্টি না হয়। দরজার ম্যাটও হুমড়ি খেয়ে পড়ার একটি ঝুঁকি হতে পারে যদি তা পরিস্কারভাবে দেখা না যায়, বিশেষ করে বাসিন্দা যাদের চলাফেরায় অসুবিধা রয়েছে অথবা দৃষ্টি প্রতিবন্ধীতা রয়েছে তাদের জন্যে। যৌথ এলাকায় কোন কিছু রাখার ব্যাপারে আমরা জিরো টলারেন্স পলিসি নিচ্ছি অর্থাৎ কোনভাবেই তা গ্রাহ্য করা হবে না। তাৎক্ষণিকভাবেই তা সরিয়ে ফেলা হবে এবং সম্ভবত তা ফেলে দেয়া হবে।
- যৌথ এলাকার সকল দরজা অবশ্যই বন্ধ রাখতে হবে; কিছু সংখ্যক বাসিন্দা যৌথ এলকার দরজা একটু করে খোলা রাখছেন, এতে কোন আগুন লাগার ঘটনা ঘটলে আগুন ও ধোয়া গুরুতরভাবে দ্রুত ছড়িয়ে পড়তে পারে।
- যৌথ এলাকার অটোমেটিক ওপেনিং ভেন্টগুলো সবসময়ই বন্ধ রাখা উচিত; কিছু সংখ্যক বাসিন্দা এর কন্ট্রোল নাড়াচড়া করেন এবং বাতাস চলাচলের জন্য তা খুলে দেন। এটা এমনভাবে তৈরি করা হয়েছে যখন অগ্নিকান্ডের ফলে ধোয়ার সৃষ্টি হয় তখন খুলে যায়। বাসিন্দাদের এটি খোলে দেয়া বা এর নিয়ন্ত্রণ নাড়াচড়া করার কোন অনুমতি নেই। এর ফলে প্রয়োজনের সময়ে এটি আর কাজ নাও করতে পারে, এর কর্মক্ষমতায় বিঘ্ন ঘটতে পারে।
- ভবনের ভিতরে বা বাইরে কোন বারবিকিউর অনুমতি নেই
- কোন গ্যাস সিলিন্ডার ব্যবহার না

আমরা সকল বাসিন্দাদের কাছে এ ব্যাপারে সহযোগিতা চাচ্ছি। অগ্নি নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ এবং এটি আপনার এবং আপনার প্রতিবেশীদের নিরাপদ রাখার জন্যেই। আমরা আশা করছি বাসিন্দাদের সাথে মিলে কাজ করে আমরা অগ্নিকান্ডের ঝুঁকি কমাতে পারবো এবং বাসিন্দাদের তাদের বাসস্থানে নিরাপদ রাখতে পারবো।

ইস্যু ২৮ | জুন ২০১৭

স্পিটালফিল্ডস এবং এর আশেপাশের এলাকার সর্বশেষ সংবাদ

SPITALFIELDS HOUSING ASSOCIATION LTD
স্পিটালফিল্ডস হাউজিংএসোসিয়েশন লিঃ

ইনসাইড এস.এইচ.এ

www.spitalfieldsha.co.uk

গ্যাস নিরাপত্তা পরিদর্শন পৃ: ৩

বাসিন্দাদের অংশগ্রহণ পৃ:৬

পারমিটার আমহাউসএ্যান্ড পেনশন চ্যারিটি

আপনি কি একজন পেনশনার যিনি পুরাতন বারা অব বেথনাল গ্রীনে বাস করছেন? আপনার বয়স যদি ৬০ বছরের উর্ধে হয় এবং পুরাতন মেট্রপলিটান বারা অব বেথনাল গ্রীনে বাস করেন (ই১, ই২ এবং ই৩ এর অংশ), বর্তমানে স্বল্প আয়ের হয়ে থাকেন তাহলে আপনি হয়তো পারমিটার আমহাউস এ্যান্ড পেনশনের কাছ থেকে বছরে অতিরিক্ত ১৫০ পাউন্ড পাওয়ার জন্য আবেদন করতে পারেন। আপনি এছাড়া বছরে চারটি সামাজিক অনুষ্ঠানের আমন্ত্রণ এবং সামারে সমূদ্র সৈকতে একটি ভ্রমণের সুযোগ পাবেন।

আরও বিস্তারিত তথ্যের জন্য একটি আবেদনপত্র ডাউনলোড করুন। অনুগ্রহ করে **www.parmitersalmshouseandpensioncharity.org.uk** এই ওয়েবসাইটে যান। আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখ ৩১ জুলাই ২০১৭।

অফিস বন্ধের সময়ে জরুরী কল

১লা এপ্রিল ২০১৭ থেকে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন অফিস বন্ধের সময়ে টেন্যান্টদের কাছ থেকে পাওয়া টেলিফোন কল দেখাশোনার দায়িত্ব দিয়েছে পিনেকল সার্ভিসেসকে।

অফিস সময়ের বাইরের টেলিফোনের নিয়ম কানুন একই রয়েছে। বাসিন্দারা আমাদের অফিস নম্বরে ০২০ ৭৩৯২ ৫৪০০ (রিপেয়ার্স টীম) কল করতে হবে। বাসিন্দাদের কল স্বয়ংক্রিয়ভাবে পিনেকল সার্ভিসে চলে যাবে।

অফিস সময়ের বাইরের কল হলো সোমবার থেকে শুক্রবার বিকাল ৫:৩০ মিনিট থেকে সকাল ৯:৩০ পর্যন্ত এবং ছুটির দিন এবং সপ্তাহান্তে পুরো দিন। অনুগ্রহ করে মনে রাখবেন পিনেকল সার্ভিস সকল কল বিবেচনা করবে এবং সিদ্ধান্ত নিবে কাউকে পাঠানো লাগবে কিনা। আপনার কল ইমার্জেন্সির পর্যায়ে পড়ে কিনা তা আপনাকে জানানো হবে। এছাড়া যদি কোন মেরামত কাজ ইমার্জেন্সির পর্যায়ে না পড়ে এবং কাউকে যেতে হয় তাহলে এজন্যে বাসিন্দাদের চার্জ অর্থাৎ খরচ ধরা হবে। তাই অনুগ্রহ করে মনে রাখবেন চার্জ এড়ানোর জন্য যাতে আপনার কল নিম্নলিখিত বিষয়ের জন্যে হয়।

সাধারণ ইমার্জেন্সি অর্থাৎ জরুরী অবস্থার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়:

- সম্পুর্ণভাবে পানি চলে গেলে
- আগুণে ক্ষতি
- সম্পুর্ণভাবে বিদ্যুত চলে গেলে
- আপনার বাসস্থানের সামনের দরজা অথবা জানালা কোন ধরণের অপরাধি তৎপরতার কারণে নষ্ট হয়ে গেলে এবং এজন্যে আপনি পুলিশের কাছ থেকে কোন ক্রাইম রেফারেন্স নিয়ে আসলে।
- নিরাপত্তা ঝুঁকিপূর্ণ কোন বৈদ্যুতিক সকেট অথবা লাইট কিম্বা বিদ্যুত ফিটিংস
- ড্রেন বন্ধ অথবা লিক করলে, টয়লেট ব্লক অথবা ভেঙ্গে গেলে এবং বাড়িতে যদি আর কোন টয়লেট না থাকে। যদি যৌথ এলাকায় ড্রেন বন্ধ হয় তাহলে টেমস ওয়াটারকে কল করুন।
- পাইপ ফেটে গেলে বা পানি উপচে পড়লে (যা গুরুতর এবং বন্ধ করা যাচ্ছেনা এমনটি হলে)
- ভিতরে বৃষ্টি পড়লে
- পানিতে ভেসে গেলে বা বন্যা হলে
- আপত্তিকর এবং বর্ণবাদী দেয়ালে লিখন
- পুলিশে বাড়িতে ইমার্জেন্সি মেরামতের জন্যে কল করলে
- কারপার্কের গেইট না খোলা গেলে
- লিফট খারাপ হলে
- যৌথ এলাকায় প্রবেশে দরজার ফোন কাজ না করলে অথবা মূল দরজা না খোলা গেলে
- যে কোন কাজ যা স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য সম্ভাব্য ঝুঁকিপূর্ণ
- ঝড়ে ব্যাপক ক্ষতি যা ইমার্জেন্সি অবস্থার সৃষ্টি করেছে
- ভিতরে বিদ্যুত চলে যাওয়া
- গ্যাস বয়লার এবং সেন্ট্রাল হিটিং খারাপ হওয়া

মনে রাখবেন গ্যাস লিক হলে অনুগ্রহ করে ন্যাশনাল গ্রীডে ০৮০০ ১১১ ৯৯৯ নম্বরে ফোন করুন।

নিম্ন লিখিত ধরণের মেরামত কাজে আপনাকে প্রথমে সাপ্লায়ার বা সরবরাহকারীদের ফোন করার জন্যে অনুরোধ করা যাচ্ছে। (শুধুমাত্র তারা তখন আপনাকে সাহায্য না করতে পারলে আমাদের কল করুন।)

পানি সরবরাহ বন্ধ হয়ে গেলে : টেমস ওয়াটার ০৮০০ ৭১৪৬১৪

বর্জ নালা বন্ধ অথবা বন্যা হয়ে গেলে : ০৮০০ ৩১৬ ৯৮০০

গ্যাস লিক অথবা সরবরাহ বন্ধ হলে : ন্যাশনাল গ্রীড ০৮০০ ১১১ ৯৯৯

বিদ্যুত চলে গেলে অথবা বিপদজনক ত্রুটি ধরা পড়লে : ইউকেপাওয়ার নেটওয়ার্ক ০৮০০ ৩১৬ ৩১০৫

বাসিন্দাদের স্মরণ করে দেয়া হচ্ছে যে, স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন দিনের বেলা ইমার্জেন্সি মেরামত কাজ করে থাকে; বাসিন্দারা দিনের বেলা অফিসের নম্বরে ফোন করে ইমার্জেন্সি মেরামত কাজের জন্য অনুরোধ করতে পারেন। মেরামত কাজ যেগুলো উপরের কাজগুলোর পর্যায়ে পড়েনা সেগুলো অফিস খোলার পরে রিপোর্ট করতে হবে।

আমরা আশা করছি এই পরিবর্তনের মাধ্যমে বাসিন্দাদের আমরা অফিস সময়ের বাইরে যে সেবা প্রদান করে থাকি এর উন্নতি হবে। এতে জরুরী নয় এমন কল এর সংখ্যা এবং বাসিন্দাদের চার্জ করার সংখ্যা এবং সেবার অপব্যবহার কমবে।

মেরামত সংক্রান্ত ফ্রিফোন

অনুগ্রহ করে মনে রাখবেন কম ব্যবহার হওয়ার কারণে এবং এ সংক্রান্ত খরচ বেড়ে যাওয়ায় স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন রিপেয়ার লাইনে আর ফ্রিফোন ব্যবহার করছেনা। সকল রিপেয়ার বা মেরামত সংক্রান্ত রিপোর্ট ০২০ ৭৩৯২ ৫৪০০ নম্বরে ফোন করে রিপেয়ার টীম এর কাছে জানান। অন্যথায় ইমার্জেন্সি নয় এমন মেরামত রিপোর্ট অনলাইনেও করা যায়।

বার্ষিক গ্যাস নিরাপত্তা পরিদর্শন

আইন অনুযায়ী সকল ল্যান্ডলর্ডদের ভাড়াটে বাসস্থানে বছরে এক বার গ্যাস পরীক্ষা করাতে হয়। এটি বাসিন্দাদের নিরাপত্তার জন্য।

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশন বার্ষিক পরীক্ষার জন্যে রবার্ট হীথ হিটিং কোম্পানীকে নিয়োগ করেছে। পূর্ববর্তী পরীক্ষার তারিখ অনুযায়ী মেয়াদ শেষ হয়ে যাওয়ার ২ মাস আগে যোগাযোগ করা হয়। এতে মেয়াদ শেষ হয়ে যাওয়ার পূর্বে সময়মতো যোগাযোগ ও আপনার বাসস্থানে প্রবেশের সুযোগ করে দেয়া সহজ হয়। অনেক সময় দেখা গেছে বাসিন্দারা বাসস্থানে প্রবেশের সুযোগ দেননি। সকল বাসিন্দাদের আপনাদের ও প্রতিবেশীদের গ্যাস সংক্রান্ত দুর্ঘটনা থেকে নিরাপদ রাখার জন্য এই গ্যাস পরীক্ষার গুরুত্ব স্মরণ করিয়ে দেয়া হচ্ছে। অনুগ্রহ করে রবার্ট হীথ হিটিংকে ঘরে প্রবেশের ব্যবস্থা করে দিন।

একটি এপয়েন্ট সময় সহ আপনি একটি চিঠি পাবেন। আপনি যদি এই এপয়েন্টমেন্ট রাখতে না পারেন তাহলে রবার্ট হীথ হিটিং এর সাথে অন্য আরেকটি এপয়েন্টমেন্ট করে নিতে পারেন।

মনে রাখবেন গ্যাস নিরাপত্তা পরিদর্শনে ঘরে প্রবেশ করতে না দেওয়া মানে আপনার টেন্যান্সি শর্তাবলী লঙ্গন। এতে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের আইনি ব্যবস্থা গ্রহণ করা ছাড়া আর কোন উপায় থাকবেনা।

ইমার্জেন্সি নয় এমন মেরামত অনলাইনে রিপোর্ট করা

ইমার্জেন্সি নয় এমন মেরামত অনলাইনে রিপোর্ট করা
পূর্বের নিউজলেটারে যেমনটি বলা হয়েছে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে মেরামত রিপোর্ট করার আমাদের খুব সুন্দর ব্যবস্থা রয়েছে। অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন এবং 'রিপোর্ট এ্যা রিপেয়ার' এ ক্লিক করুন।, এটি আপনাদেরকে এম ত্রি সেন্ট্রালের মাধ্যমে এগিয়ে নিবে। এটি একটি সহজ এবং পারস্পরিকভাবে সক্রিয় মাধ্যম যাতে মেরামত রিপোর্ট করা যায়। আপনি ছবি দেখে সমস্যা চিহ্নিত করতে পারবেন এবং বিবরণ দিতে পারবেন। অনলাইনে রিপোর্ট করলে তাড়াতাড়ি দেখা হয় এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়।

বাসিন্দাদের ইমার্জেন্সি নয় এমন সকল মেরামত সম্পর্কিত রিপোর্ট অনলাইনে করার উৎসাহ দেয়া হচ্ছে। প্রত্যেকটি অনলাইনে দেয়া মেরামত রিপোর্ট প্রতিমাসে একটি প্রাইজ ড্রতে অন্তর্ভুক্ত হয় এবং এর থেকে একজন বিজয়িকে ২৫ পাউন্ডের শপিং ভাউচার প্রদান করা হয়।

ইউনিভার্সাল ক্রেডিট এর সর্বশেষ খবর (২০১৭ সালের এপ্রিল থেকে কার্যকর)

ইউনিভার্সাল ক্রেডিট এর সম্পুর্ণ নিয়ম চালু হয়েছে বাসিন্দাদের জন্য যেসব এলাকায়:

- ই৩/ই১৪ এলাকায় (২২ ফেব্রুয়ারী ২০১৭ থেকে)
- ই১/ই১ডব্লিউ এলাকায় (২৯ মার্চ ২০১৭ থেকে)
- নিউহ্যাম (জুন ২০১৮ থেকে)

প্রত্যেক ওয়ার্কিং এইজ অর্থাৎ কাজে আছেন এমন বয়সি ক্লেইমেন্ট যারা সকল নিয়মের আওতাভুক্ত এবং অবস্থানগত পরিবর্তন হয়েছে তাদের জন্য এর সকল সেবা প্রযোজ্য। বর্তমানে ইউনিভার্সাল ক্রেডিট এর ডাটাবেইস যেসব পরিবারে তিন অথবা এর বেশি শিশু রয়েছে তাদের নিয়ে কাজ করতে পারছেনা। বিষয়টি সুরাহা না হওয়া পর্যন্ত এসব পরিবার আগের বেনিফিটেই থাকছেন।

অভিভাবক যারা তিন বছর বয়সের একটি শিশুসহ আছেন এবং যারা একক অভিভাবক তাদেরকে ইউনিভার্সাল ক্রেডিট পেতে হলে কাজের সন্ধান করতে হবে।

ইউনিভার্সাল ক্রেডিট আপনাদের বেনিফিট দেয় মাস অনুযায়ী এবং এতে আপনার হাউজিংয়ের ব্যয় (আপনার রেন্ট)অন্তর্ভুক্ত থাকে, যা আপনি আমাদের পরিশোধ করতে হবে।

- ট্যাক্স ক্রেডিট এবং ইউনিভার্সাল ক্রেডিট দুই সন্তান পর্যন্ত

৬ এপ্রিল ২০১৭ থেকে তিন (অথবা এর বেশি) সন্তান যারা ৬ এপ্রিল ২০১৭ তে বা এর পরে জন্ম নিয়েছে তাদেরকে আর চাইল্ড ট্যাক্স ক্রেডিট দেয়া হবে না, যদি না কোন ব্যতিক্রম প্রযোজ্য হয়। শিশু যারা ৬ এপ্রিল ২০১৭ এর আগে জন্ম নিয়েছে তাদের বেনিফিট অব্যাহত থাকবে। যারা ইউনিভার্সাল ক্রেডিট পায় তাদের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য।

ট্যাক্স ক্রেডিটে ফ্যামিলি ইলিমেন্ট সরিয়ে নেয়া হয়েছে

এপ্রিল ২০১৭ এর পরে যারা পরিবার গড়ছেন তারা আর ট্যাক্স ক্রেডিটে ফ্যামিলি ইলিমেন্ট পাবেন না অথবা ইউনিভার্সাল ক্রেডিট এর ফার্ষ্ট চাইল্ড ইলিমেন্ট পাবেন না।

ইএসএ ওয়ার্ক রিলেটেড এ্যাক্টিভিটি বিষয়টি বিলুপ্ত করা হয়েছে

১লা এপ্রিল ২০১৭ থেকে নতুন ইএসএ ক্লেইমেন্ট যাদেরকে ওয়ার্ক রিলেটেড এ্যাক্টিভিটি গ্রুপে রাখা হয়েছে তারা যারা জব সিকা'র্স এলাউন্স ক্লেইম করছেন তাদের রেইটেই বেনিফিট পাবেন এবং তা ইউনিভার্সাল ক্রেডিট এরও সমান। এতে বেনিফিট এর পরিমাণ কমে যাবে।

গেটিং অন উইথ মানি

ব্রমলি বাই বো সেন্টার গেটিং অন উইথ মানি (জিওডব্লিউএম) প্রজেক্ট আবার তিন বছরের জন্য বিগ লটারী ফান্ডিং প্রাপ্তির পরে চালু করেছে। এই প্রজেক্ট বাসিন্দাদের জন্য এককে জন করে বিনামূল্যে মানি ম্যানেজমেন্ট অর্থাৎ আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সেশন পরিচালনা করবে।

এই প্রজেক্ট প্রত্যেক মাসের দ্বিতীয় সোমবারে সেশন পরিচালনা করবে এবং বিশেষ করে বাসিন্দা যারা নিম্নলিখিত বিষয়ে ভোগান্তির শিকার হচ্ছেন তাদের জন্য উপকারি।

- দেনা এবং বকেয়া ভাড়া;
- তাদের বেনিফিটে পরিবর্তন যেমন ইউনিভার্সাল ক্রেডিটে যাওয়া;
- চাকরি হারার কারণে, জিরো আওয়ার কন্ট্রাক্ট অথবা সেল্ফ এম্পলয়েড থাকার কারণে আয় কমে যাওয়া ওঠানামা;
- পারিবারিক বিচ্ছেদের কারণে প্রথমবারের মতো আর্থিক দায়িত্ব নিয়ে সংসার পরিচালনা; এবং
- প্রাত্যহিক জীবনে সব চাহিদা পূরণে সংগ্রাম করা।

আমরা আরও কয়েকটি এজেন্সির সাথে কাজ করি যেমন, ফুড ব্যাংকস, এম্পলয়মেন্ট সার্ভিসেস ইত্যাদি।

আপনি যদি এ ধরণের কোন প্রজেক্টে রেফারেল চান, এ বিষয়ে আলাপ করতে চান অথবা ইউনিভার্সাল ক্রেডিট সম্পর্কে জানতে চান তাহলে আমাদের টেন্যান্সি সাপোর্ট অফিসার পলিন রোচ এর সাথে ০২০ ৭৩৯২ ৫৪২৩ নম্বরে যোগাযোগ করুন।

স্টিফেন বার্ণাড স্পিটালফিল্ডস ইনকাম রিকোভারি অফিসার

আপনি কি জানেন আপনার টেন্যান্সি চুক্তিতে রয়েছে আপনার রেন্ট প্রতি সপ্তাহে দিতে হয় এবং তা অগ্রিম?

আপনি কি জানেন আপনার সার্ভিস চার্জেস অগ্রিম পরিশোধ করতে হয়?

রেন্ট পরিশোধ করা অথবা লিজ হোল্ড সার্ভিস চার্জ পরিশোধ করাকে বেশিরভাগ ক্ষেত্রে কম অগ্রাধিকার দেয়া হয় যদি পরিবারসমুহ তাদের ফিনান্সিয়াল অঙ্গীকার পূরণে টানাটানি করে। এ সম্পর্কে ভুল ধারণা রয়েছে। এ কারণে আপনি এবং আপনার পরিবার রেন্ট পরিশোধ না করা বা লিজহোল্ড সার্ভিস চার্জ পরিশোধ না করায় আপনার বাসস্থান হারানোর সম্ভাবনা রয়েছে।

সিটিজেনস এডভাইস ব্যুরোসহ (সিএবি) সকল দেনা পরিশোধ পরামর্শক এজেন্সি আপনাকে কোন দেনাটি প্রথমে পরিশোধ করতে হবে সে সম্পর্কে পরামর্শ দিবে। সব কিছুর উপরে আপনার রেন্ট, সার্ভিস চার্জ অথবা মর্গেজ। মোদ্দা কথায় আপনার মাথার উপরে ছাদ রাখা আপনার প্রধান অগ্রগন্য বিষয়।

স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনে আমি আপনাকে সাহায্য করতে পারি, হ্যা আমি করতে পারি এই নীতিতে বিশ্বাসী … বিশেষ করে আপনি যদি আর্থিক সংকটের মধ্যে থাকেন। আমি ঘনিষ্টভাবে পার্টনার এজেন্সিসমুহের সাথে কাজ করি যেমন, গেটিং অন উইথ মানি নামের একটি মানি এডভাইস সার্ভিস ইত্যাদি। আমি আপনাকে আর্থিক সহায়তার জন্য রেফার করতে পারি।

গেটিং অন উইথ মানি বিনামূল্যে সামনা সামনি নিরপেক্ষ এবং গোপন পরামর্শ প্রদান করে আপনার সকল ব্যক্তিগত আর্থিক বিষয় আশয়ের উপর। এরমধ্যে রয়েছে ব্যক্তিগত বজেট করা, সেভিংস এবং ইনভেষ্টমেন্ট, ক্রেডিট এবং ঋণ, বেনিফিট ও ট্যাক্সসহ আরও অনেক কিছু। আপনি যদি কোন আর্থিক সমস্যায় থাকেন, বিশেষ করে আপনার রেন্ট অথবা সার্ভিস চার্জ পরিশোধ করায় তাহলে অনুগ্রহ করে স্পিটালফিল্ডস হাউজিং এসোসিয়েশনে আমার সাথে যোগাযোগ করুন। আমরা আনন্দের সাথে আপনাকে সহায়তা করবো।

স্টার ইন দ্যা কমিউনিটি এওয়ার্ডস

আপনার সাফল্য উদযাপনের জন্য বুশরা, আপনার অবদানকে আমরা স্টার ইন দ্যা কমিউনিটি এওয়ার্ডস এর জন্য চি[illegible]ত করেছি।

সম্প্রতি আমাদের বাসিন্দা বুশরা মুকিদ তার স্থানীয় কমিউনিটিতে অবদান রাখার স্বীকৃতিস্বরুপ একটি ইন্সপায়রেশনাল রেসিডেন্ট এওয়ার্ড বিজয়ি হয়েছেন।

সম্প্রতি আমাদের বাসিন্দা বুশরা মুকিদ তার স্থানীয় কমিউনিটিতে অবদান রাখার স্বীকৃতিস্বরুপ একটি ইন্সপায়রেশনাল রেসিডেন্ট এওয়ার্ড বিজয়ি হয়েছেন।

বুশরাকে এই স্বীকৃতি দেয়ার বিশেষ কারণ হলো তিনি বয়স্ক বাসিন্দাদের তাদের চাহিদা পূরণে সাহায্য করেছেন এবং একাকীত্ব ভাঙ্গায় অবদান রেখেছেন। বাসিন্দারা তার ব্যাপারে মন্তব্য করেছেন: "বুশরা সব সময়ই সাহায্যকারী এবং কারো হ্যালো বলার অপেক্ষা না করে সেই প্রথমে তা বলে ফেলে।"

"সে এক কাপ চা বানাবে, হেঁসে কথা বলার সময় আছে এবং আপনি ভাল আছেন কিনা তা এসে দেখবে"।

অনেক অভিনন্দন বুশরা!

কমিউনিটি উন্নয়ন এবং বাসিন্দাদের সংশ্লিষ্ট হওয়া সম্পর্কিত খবর

আমাদের রেসিডেন্ট ইনভল্বমেন্ট টীম নতুন কাস্টমার এনগেইজমেন্ট স্ট্রাটেজি অর্থাৎ বাসিন্দাদের জড়িত করণের কৌশল নির্ধারণ এবং পেডলি স্ট্রীট কমিউনিটি সেন্টার খোলার কাজ নিয়ে ব্যস্ত সময় কাটাচ্ছেন। কমিউনিটি উন্নয়ন এবং 'মহিলা, ইয়ুথ অন্যান্য কমিউনিটি প্রজেক্টের উন্নয়নে একটি সুন্দর সময় এখন।

নতুন সেন্টারটি আমাদের সকল কার্যক্রম এবং প্রজেক্টের একটি কেন্দ্রে পরিণত হবে। আমরা ঘনিষ্টভাবে ভ্যালেন্স কমিউনিটি স্পোর্টস এসোসিয়েশনের সাথে কাজ করছি যাদের অবস্থান থাকবে সেন্টারে আমাদের সাথে। তারা কয়েকটি কার্যক্রম পরিচালনা করবে যেমন, সপ্তাহে ৩দিন বিকালে অল্পবয়সিদেরে জন্য ইয়ুথ ক্লাব, নিয়মিত সেশনের অংশ হিসাবে বিভিন্নধরণের বিনোদনমুলক ও শিক্ষামুলক কার্যক্রম, ত্রৈমাসিক ব্যক্তিগত উন্নয়ন/ট্রেনিং কর্মসূচী এবং অন্যান্য হলিডে প্রজেক্ট।

কমিউনিটি সেন্টার খোলা হবে যজুলাই মাসের প্রথম দিকে এবং কমিউনিটি গ্রুপ ও অভিজ্ঞ সেবাপ্রদানকারীদের সেবা ও কার্যক্রম পরিচালনার জন্য সুযোগ করে দিবে।

ব্রায়ান আকিনটকুন, সিনিয়র কমিউনিটি ডেভেলাপমেন্ট অফিসার আগামী লঞ্চিং নিয়ে তার আনন্দ ব্যক্ত করতে গিয়ে বলেন, "এই সেন্টার কাস্টমারদের সাথে ইতিবাচকভাবে জড়িত হওয়ার জ ন্য আমাদের সুযোগ করে দিবে, যা জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করবে। থার্ড সেক্টরের অভিজ্ঞ সেবাপ্রদানকারীদের সাথে আরও শক্তিশালী পার্টনারশীপের উন্নয়নের মাধ্যমে আমরা স্পিটালফিল্ডস এর বাসিন্দাদের আরও বেশি করে সহায়তা প্রদান করতে পারবো"।

সেন্টারের সর্বশেষ খবর জানার জ ন্যে অনুগ্রহ করে ব্রায়ান এর সাথে ০২০ ৭৩৭৭ ১৩০৬ নম্বরে অথবা **brian@spitalfieldsha.co.uk** ইমেইলে যোগাযোগ করুন।

আমরা বর্তমানে কমিউনিটির সাথে আমাদের জড়িত হওয়ার উদ্যোগকে নতুনভাবে সাজাচ্ছি। আমরা আগামীতে যা করবো এতে বাসিন্দাদের চাহিদায় যাতে ইতিবাচক প্রভাব পড়ে তা নিশ্চিত করার জন্য কয়েকটি গ্রুপের সাথে একযোগে কাজ করছি। এরমানে হলো আরও বড়ো করে পার্টনারশীপ এবং সুপরিচিত প্রজে ক্টগুলোতে একসাথে কাজ করা যেমন হেলথ এ্যান্ড ওয়েলবিং, ইয়ুথ এনগেইজমেন্ট, ফিনান্সিয়াল এবং ডিজিটাল ইনক্লুশন এবং এম্পলয়মেন্ট ও ট্রেনিং সাপোর্ট ইত্যাদি। আপনি যদি জড়িত হতে চান তাহলে অনুগ্রহ করে ব্রায়ানের সাথে যোগাযোগ করুন।

আমাদের ওয়েবসাইটের মাধ্যমে আপনাদের অবহিত রাখা অব্যাহত রাখবো **spitalfieldsha.co.uk**

স্কাই এবং ভার্জিন মিডিয়া

আমরা স্কাই এবং ভার্জিনের সাথে মিলে আমাদের এস্টেট এবং ব্লকসমুহে ফাইবার অপটিক ইন্টারনেট, স্কাই কিউ এবং ভার্জিন ভি৬ সার্ভিসেস পেতে একযোগে কাজ করছি। বাসিন্দা যারা সরাসরি এই সার্ভিসেস বা সেবা সাপ্লায়ারদের কাছ থেকে নিতে চান তাদের সুযোগ সুবিধা করে দেয়ার জন্যেই এই কাজ করা হচ্ছে। দুটি কোম্পানীই আগামী মাসগুলোতে এটি স্থাপনের কাজ শুরু করবে এবং এটি সমাপ্ত হলে আমরা বাসিন্দাদের জানাবো। প্রযুক্তির উন্নয়নকে আমরা স্বাগত জানাই এবং ডিজিটাল ব্যবস্থায় অন্তর্ভুক্তির কৌশল হিসাবে আমরা যখনই সুযোগ পাবো বাসিন্দাদের প্রবেশযোগ্যতা সহজ করবো।

আমাদের ইয়ুথ ক্লাব ওপেন ডে- তে যোগদান করুন

বুধবার ১২ জুলাই,
৩:৩০ মিনিট থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত

ইয়ুথ ক্লাব আনুষ্ঠানিকভাবে শুরু হবে ১৭ জুলাইয়ের সপ্তাহে সন্ধ্যা ৬টা থেকে ৮টা পর্যন্ত।

স্পিটালফিল্ডস হাউজিং এসিয়েশন কমিউনিটি সেন্টার, ১১৭ ভ্যালেন্স রোড, ই১ ৬বিডব্লিউ

আমাদের নতুন পার্টনার ভ্যালেন্স সিএসএ তা পরিচালনা করবে ।

ব্রায়ান এর সাথে আরও বিস্তারিতের জন্য যোগাযোগ করুন

brian@spitalfieldsha.co.uk | 07903 623570

আমাদের ফান ডে তে আসুন!

৯ আগষ্ট ২০১৭
সকাল ১১:৩০ থেকে ৩:৩০ পর্যন্ত
ভিক্টোরিয়া পার্ক



আমাদের ল্যান্ডলর্ড পার্টনার শিয়ান এবং আরহাগ হাউজিং এসোসিয়েশনের সাথে মিলে বুধবার ৯ আগষ্ট আমরা ফান ডে অর্থাৎ আনন্দ দিবসের আয়োজন করেছি।

সেখানে অনেক ধরণের বিনোদমুলক কার্যক্রম রয়েছে, যেমন, বাউন্সি ক্যাসল, র‍্যাফল ড্র, ডিম এবং স্পুন রেইস, ফেইস পেইন্টিং, কেরিকেচার আর্ট এবং খাবারদাবার। আমরা স্টল পরিচালনা করার জন্য স্থানীয় এজেন্সিদেরও আমন্ত্রণ করছি যেখানে পাওয়া যাবে রিসাইক্লিং এর উপর পরামর্শ, কর্মসংস্থান, অর্থ ব্যবস্থাপনা এবং দেনা ইত্যাদি।

আপনার আগ্রহ রেজিস্টার করার জন্য অফিসে ০২০ ৭৩৭৭ ১৩০৬ কল করুন বা ইমেইল করুন: brian@spitalfieldsha.co.uk যারা আগে সাইন আপ করবেন এবং অনুষ্ঠানের দিন আসবেন, তারা বিনামূল্যে প্রবেশ করতে পারবেন প্রাইজ ড্র তে ও ফুড প্যাক পাবেন।